দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান প্রার্থী এস.এ.এম জাকারিয়া আলমের গণসংযোগ ও পথসভা

দামুড়হুদা আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনকে সামনে রেখে ব্যাপক গণসংযোগ -প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন চেয়ারম্যান পদপ্রার্থী এস.এ.এম জাকারিয়া আলম। হাট-বাজারে গিয়ে কুশল বিনিময় করছেন ভোটারদের সাথে।

আজ সকাল থেকে রাত পর্যন্ত উপজেলার দামুড়হুদা পুরোপাড়া উজিরপুর সমস্ত বাজার’ এলাকা গণসংযোগ ও পথসভা করেছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান পদপ্রার্থী এস. এ. এম জাকারিয়া আলম।

দিনরাত উপজেলার আনাচে- কানাচে গণসংযোগ ও পথসভা চালিয়ে ভোটারদের মন জয় করছেন তিনি প্রতিদিন নেতাকর্মীদের সাথে নিয়ে উপজেলার বিভিন্ন এলাকায় গণসংযোগ চালিয়ে যাচ্ছেন। উন্নয়নের ধারা অব্যহত রাখতে এবং উপজেলাবাসীকে মাদকমুক্ত করতে তার নির্বাচনী এলাকায় দোয়া চান।তিনি নারীদের অর্থনৈতিক উন্নয়ন’সহ নানামুখী উন্নয়নের প্রতিশ্রুতি দেন ভোটারদের মাঝে।

গণসংযোগ ও পথসভা কালীন চেয়ারম্যান প্রার্থী এস.এ.এম জাকারিয়া আলম এর সঙ্গে কথা হলে তিনি বলেন, উপজেলাবাসী চাইলে এই নির্বাচনে আমি জয়লাভ করবো ইনশা আল্লাহ। নির্বাচিত হলে উপজেলাবাসীর জন্য প্রথম কোন কাজটি করবেন এমন এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমান সরকারের পদক্ষেপ অনুযায়ী উপজেলা থেকে মাদকের বিরুদ্ধে লড়াই শুরু করব। সম্মেলিত উদ্যোগে মরন নেশা মাদকের হাত থেকে যুব সমাজকে রক্ষা করতে হবে। তিনি সকল শ্রেনী পেশার মানুষের সহযোগীতা চান এবং তাদের মাধ্যমে উপজেলাবাসীর কাছে দোয়া ও ভোট কামনা করেন।

এস. এ. এম জাকারিয়া আলম আরো বলেন, ‘আমি সাধারণ মানুষের প্রার্থী হয়েছি। সাধারণ মানুষ আমার পক্ষে কাজ করছে। উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ আমার পক্ষে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছে আশা করি আমরা জয়ী হব। আমি চেয়ারম্যান নির্বাচিত হলে উপজেলার বিভিন্ন রাস্তাঘাট স্কুল, কলেজ, মাদরাসা, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়নসহ সর্বস্তরে মানুষের উন্নয়নের জন্য কাজ করব। জয়ের ব্যাপারে আমি

শতভাগ আশাবাদী।

আবারো দেশের সর্বোচ্চ তাপমাত্রা চুয়াডাঙ্গায় : ভাঙলো টানা দশ বছরের রেকর্ড

আবরো দেশের সর্বোচ্চ তাপমাত্রা চুয়াডাঙ্গায় ৪৩ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। টানা ১৭ দিন চলছে তীব্র তাপ প্রবাহ থেকে খুব তীব্র তাপ প্রবাহ।

চুয়াডাঙ্গা টানা দশ বছরের রেকর্ড ভাঙলো আজ সোমবারের তাপমাত্রা ৪৩ ডিগ্রি সেলসিয়াস যা এখন পর্যন্ত চলতি মৌসুমে সর্বোচ্চ। এসময় বাতাসের আর্দ্রতা ছিল ছিল ১৩ শতাংশ। বেলা ৩টার পর আবাহওয়া অধিদপ্তর মেহেরপুর প্রতিদিন কে বিষয়টি নিশ্চিত করেছে।

আবহাওয়াবিদ আবুল কালাম মল্লিক জানান, আজ ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪০.৩ ডিগ্রি সেলসিয়াস।

চুয়াডাঙ্গায় তাপমাত্রার পারদ যেন কমছেই না। প্রায় প্রতিদিনই রেকর্ড ভাঙছে। তীব্র গরমে স্থবির হয়ে পড়েছে এই জেলার জনজীবন। বিপাকে পড়েছে খেটে খাওয়া মানুষ। জীবন ও জীবিকার তাগিদে অসহনীয় গরমেই কাজ করতে হচ্ছে।

সূর্যের প্রচন্ড খরতাপের নীচে জমিতে কাজ করছেন দিন মজুররা। তাদের অনেকে ভাষ্য জীবিকার তাগিদে গরম উপেক্ষা করে কাজ করতে হচ্ছে তাদের।

গরমে এ জেলার অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। শিশু এবং কিশোররা রয়েছেন বেশি ঝুঁকিতে। ভিড় বাড়ছে জেলা সদর হাসপাতালে। পানি শূন্যতায় ভুগছেন অনেকেই।

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থা খাবার পানি ও স্যালাইন বিতরণ

হিট স্পট খ্যাত চুয়াডাঙ্গায় তীব্র দাবাদহ থেকে রক্ষা পেতে খাবার পানি ও স্যালাইন নিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা । প্রতিষ্ঠানটি মানুষের পিপাসা নিবারন ও প্রশান্তির জন্য শহরের হাসান চত্বরের পুলিশ বক্স ও একাডেমি মোড়স্হ সারা ভবনের সামনে বোতলজাত খাবার পানি ও স্যালাইন সরবরাহ করছেন।

এ উপলক্ষে রবিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা শহরের শহীদ হাসান চত্বরেখাবার পানি বিতরণ কর্মসুচীর উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান, জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক কামরুজ্জামান, ট্রাফিক পুলিশের পরিদর্শক ওলিউজ্জামান ওলি, আমিরুল ইসলাম, হাসান মল্লিক, মাসুম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক বিপুল আশরাফ, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক কামরুজ্জামান চাঁদ, সিনিয়র সাংবাদিক রফিকুল ইসলাম, শাহ আলম সনি, রফিক রহমান, খায়রুল ইসলাম, পলাশ উদ্দিন, উপজেলা লোকমোর্চার সাধারন সম্পাদক পারভীন লায়লা মালিক প্রমুখ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্য দেন মাহফুজুর রহমান মনজু ও অধ্যাপক সিদ্দিকুর রহমান। তারা বলেন, চরম দূর্যোগের সময় সাধারন মানুষের পাশে দাঁড়িয়েছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা। ভয়াবহ রোদ গরমে এখন প্রয়োজন বেশি বেশি বিশুদ্ধ পানি। আর সেই কাজটি হাতে নিয়েছে বহুমুখী। এদের পাশাপাশি অন্যরা এগিয়ে আসলে শ্রমজীবী মানুষ আরো বেশি উপকৃত হবে ।

জেলার উপর দিয়ে পক্ষকালব্যাপী অতি তীব্র তাপদাহ চলছে এতে নিন্ম আয়ের খেটে খাওয়া মানুষ ও রাস্তায় চলাচলরত পথচারীরা মারাত্মক স্বাস্থ্য ঝুঁকির মুখে পড়েছে। অনেকের শরীরে পানি শুন্যতা সৃষ্টি হচ্ছে এর থেকে সামান্য পরিত্রাণ দিতে বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী চেয়ারম্যান, সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল এ উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি বলেন আমি সবসময় দিনমজুর, রিকসা চালক, ভ্যান চালক ও পথচারীদের এ দূর্যোগ মুহূর্তে সেবা দিয়ে যাবো। আগামীতেও বহুমুখী মানব কল্যাণ সংস্থা জনহিতকর কাজ করে মানুষের পাশে থাকতে চাই।

প্রতিদিন বেলা ১১টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত এ সেবা কার্যক্রম পরিচালনা করা হবে। গতকাল হাসান চত্বর ও একাডেমি মোড়ে দুটি বুথ থেকে প্রায় ২ হাজার বোতল পানি ও ১ হাজার পিস স্যালাইন বিতরণ করা হয়। আগামী ৩০ এপ্রিল পর্যন্ত প্রতিদিন ওই দুটি স্হানে পানি ও স্যালাইন বিতরণ অব্যহত থাকবে বলে জানিয়েছে সংস্থাটির কর্মকর্তারা।

দামুড়হুদায় জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপন

জাতীয় আইনগত সহায়তা দিবস (লিগ্যাল এইড)। এবছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘স্মার্ট লিগ্যাল এইড,স্মার্ট দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ’।

‘জাতীয় আইনগত সহায়তা দিবস ২০২৪’ উদযাপন উপলক্ষে আইন ও বিচার বিভাগ এবং জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার উদ্যোগে দামুড়হুদা উপজেলায় বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। ২০১৩ সাল থেকে জাতীয় পর্যায় থেকে তৃণমূল পর্যায়ে ২৮ এপ্রিল আইনগত সহায়তা দিবস হিসেবে পালিত হচ্ছে। ২৮ এপ্রিল জাতীয় আইনগত সহায়তা দিবস পালনের মধ্য দিয়ে দেশব্যাপী প্রচারণা চালানো হয়। দিবসটি পালনের ফলে সর্বস্তরের মানুষের মধ্যে আইনগত সহায়তা সম্পর্কে সচেতনতা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

উপজেলা লিগাল এইড কমিটির আয়োজনে, কর্মসূচির অংশ হিসেবে আজ রবিবার সকাল সাড়ে সাড়ে ৯ টায় দামুড়হুদা উপজেলা চত্ত্বর থেকে একটি র্যালী উপজেলা চৌরাস্তা মোড় প্রদক্ষিণ করে।

র্যালী পরবর্তীতে সকাল ১০ টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা লিগাল এইড কমিটির সদস্য সচিব ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ইনস্পেক্টর অপারেশন হিমেল রানা,দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, নারী মুক্তি কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক তৌহিদা পারভীন, ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজার মারিয়া মাহবুবা,সিইও ফয়জুল হক সহ প্রমুখ।

এসময় সভায় বক্তারা বলেন, লিগ্যাল এইড মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র একটি মহতী উদ্যোগ। ন্যায় সঙ্গতভাবে সবাই যেন সমভাবে আইনি সহায়তা পায়। গরীব অসহায় দুস্থ ব্যক্তিদের বিনামূল্যে আইনি সহায়তা পেতে এবং যেকোন পর্যায়ের ব্যক্তির আইনগত পরামর্শ গ্রহণ ও মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি লিগ্যাল এইড অফিসের মাধ্যমে করতে পারবেন। বিরোধ হলেই মামলা নয়, লিগ্যাল এইড অফিসে আপোষও হয়।

পারিবারিক, দেওয়ানি এবং আপষ যোগ্য মামলায় বিজ্ঞ আদালত থেকে প্রেরণ করলে কিংবা সরাসরি লিগ্যাল এইড অফিসে অভিযোগের মাধ্যমে পক্ষদের মধ্যে লিগাল এইড অফিসারের মধ্যস্থতায় আপষ করতে পারিবেন। আপোষ মাধ্যমে নিষ্পত্তিতে উভয়পক্ষ লাভবান হয় এবং সময় ও অর্থের অপচয় রোধ হয়।

দর্শনা সাড়াবাড়িয়ায় মোটরসাইকেরের নির্বাচনী অফিসে

সরকারী বেঞ্চ ব্যবহারের অভিযোগ

দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সাড়াবাড়িয়ায় কালুর দোকানে মোটরসাইকেলর নির্বাচনী অফিস বানিয়ে সাড়াবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বেঞ্চ ব্যবহারের অভিযোগ উঠেছে।

জানাগেছে আগামী ৮ মে অনুষ্টিত হবে দামুড়হুদা উপজেলা পরিষদ নির্বাচন।এ নির্বাচনকে ঘিরে চলছে জোরেসোরে প্রচার প্রচারনা। প্রতিটা গ্রামে নির্বাচনী কার্যক্রম পরিচালনার জন্য নির্মান করা হয়েছে নির্বাচনী অফিস।

দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সাড়াবাড়িয়া গ্রামে নির্মান করা হযেছে মোটরসাইকেল প্রতিকের নির্বাচনী অফিস। এ অফিসে বেআইনি ভাবে গ্রামের প্রাইমারী স্কুলের বেঞ্চ ব্যবহার করা হচ্ছে।

এতে স্থানীয় মানুষের মাঝে হচ্ছে আলোচনা সামালোচনা। বিষয়টি সংশিষ্ট কতৃপক্ষ দেখবেন বলে সচেতন মহলের জোর দাবী।

দর্শনায় ফেনসিডিলসহ রাঙ্গিযারপোতার পিয়াস গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ার পোতা গ্রামে অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী পিয়াস আলীকে
(২৬) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত পিয়াস আলী দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা উত্তর পাড়ার সাবদার আলীর ছেলে।

জানাযায় আজ শনিবার সকাল সাড়ে ৬ টার দিকে দর্শনা থানার অফিসার

ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, দর্শনা থানার এস আই তারেক হাসান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ রাঙ্গিয়ার পোতা গ্রামের পিয়াসের বাড়িতে অভিযান চালায়।

এ সময় পুলিশ তার বাড়ির উঠানের মাটির ভিতর থেকে ৩৬ বোতল ফেনসিডিলসহ পিয়াস আলীকে গ্রেফতার করে।গতকালই তার বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশনের মতবিনিময় সভা ও কমিটি গঠন

আলমডাঙ্গা আর এম পি ওয়েলফেয়ার এসোসিয়েশন এর আয়োজনে মতবিনিময় সভা ও কমিটি গঠন করা হয়েছে।

আজ আলমডাঙ্গা থানাপাড়া কমিউনিটি সেন্টারে সকাল ১০ টার সময় এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি আলি আকবার আকুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ প্যারামেডিকেল এন্ড টেকনোলজি ফাউন্ডেশন এর চেয়ারম্যান এ কে আজাদ ইফতিয়ার। অনুষ্ঠানে প্রধান আলোচক বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক ডা: হাদী জিয়াউদ্দিন আহমেদ। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি শাহ আলম মণ্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস।

পল্লি চিকিৎসক আবু জাফরের উপস্থাপনায় বক্তব্য রাখেন পল্লি চিকিৎসক পাপ্পু,পল্লি চিকিৎসক ইমন,পল্লিচিকিৎসক সহিদুল ইসলাম, পল্লি চিকিৎসক আকমান আলি পল্লি চিকিৎসক লালটু রহমান ডেন্টিস কাজী সজীব প্রমুখ।

অনুষ্ঠানে শেষে আলমডাঙ্গা উপজেলার ১৫ টি ইউনিয়নের কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদমের নাম ঘোষণা করা হয়। এর পর আলমডাঙ্গা পৌর

সভায় আব্দুল খালেক কে সভাপতি ও কাজী সজীব কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ১৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। সর্বশেষ জিনারুল ইসলাম কে আলমডাঙ্গা উপজেলা কমিটির সভাপতি ও আতিক বিশ্বাস কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে তাদের নাম ঘোষণা করেন অনুষ্ঠানের সভাপতি আলি আকবার আকু।

অনুষ্ঠানে প্রধান আলোচক ডা: জিয়াউদ্দিন আহমেদ বলেন সকল পল্লি চিকিৎসক কে এক ছাতার তলে এসে ঐক্যবদ্ধ হতে হবে। তাদের কে পর্যায়ক্রমে বিভিন্ন ভাবে প্রশিক্ষণ নিয়ে অভিজ্ঞতা অর্জন করতে হবে।তার জন্য আমি সকল সহোযোগিতা করতে প্রস্তুত।

দামুড়হুদায় বিশুদ্ধ খাবার পানি ও স্যালাইন বিতরণের শুভ উদ্বোধন

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদহের কারনে পথচারীদের সাময়িক স্বস্তি দিতে দামুড়হুদা সদর ৭নং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র পক্ষ থেকে বিশুদ্ধ খাবার পানি, লেবুর শরবত ও খাবার স্যালাইন বিতরণের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

আজ শনিবার দুপুর ৩টা থেকে বিকাল সাড়ে ৫টা পর্যন্ত দামুড়হুদা বাসট্যান্ডে লেবুর শরবত, বিশুদ্ধ খাবার পানি ও স্যালাইন বিতরণ করা হয়।

এসময় ইউএনও রোকসানা মিতা বলেন, দেশ ব্যাপী প্রচন্ড তাপদহের কারনে মানুষের জনজীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। কঠিন তাপদহের মধ্যেও জীবন জীবিকার তাগিদে মানুষ বাইরে বের হচ্ছে। সাধারণ মানুষের জন্য এমন মহতী উদ্যোগ গ্রহনের জন্য দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী কে আমি ব্যক্তিগত ভাবে ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানায়। সেই সাথে এমন ভালো কাজ চলমান রাখবেন এমন প্রত্যাশা করি। তাপদহের মধ্যে এমন

কার্যক্রম প্রতিদিন চলমান থাকলে সাধারণ পথচারীদের কিছুটা হলেও স্বস্তি মিলবে।

জানাগেছে বিগত টানা ৩ সপ্তাহ ধরে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদাহ চলছে। এরই মধ্যে বেশ কয়েকবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায়। এতো গরমে জীবন জিবিকার তাগিদে মানুষ ঘর থেকে বের হলেও তাপদহের কারনে মানুষ স্বস্তি পাচ্ছেনা। ঠিক এসময় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী’র পক্ষ থেকে মানুষের সাময়িক স্বস্তি দিতে বিশুদ্ধ খাবার পানি, লেবুর শরবত ও খাবার স্যালিান ফ্রী বিতরণের উদ্যোগ নেন। এরই আলোকে গতকাল শনিবার পাখি ভ্যান চালক, ইজিবাইক চালক, বাইসাইকেল চালক, ট্রাক চালক সহ সাধারণ পথচারী ও যাত্রীদের মাঝে প্রায় ১৫শ লিটার বিশুদ্ধ খাবার পানি, লেবুর শরবত ও খাবার স্যালাইন ফ্রী বিতরণ করা হয়।

এবিষয়ে পাখি ভ্যান চালক মফিজ উদ্দিন বলেন, এই প্রচন্ড রোদ গরমে সব সময় গলা শুকিয়েই থাকছে। মন চাচ্ছেনা ঘর থেকে বের হতে। কিন্তু কাজ না করলে খাবো কি? তাই কষ্ট হলেও জীবিকার তাগিদে রাস্তায় বের হতে হচ্ছে। শুকনো গলায় ঠান্ডা লেবুর শরবত খেয়ে প্রাণটা জুড়িয়ে গেলো। এমন রোদে ফ্রী’তে লেবুর শরবত ও খাবার স্যালাইন দেওয়ায় সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীকে ধন্যবাদ জানায়।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, সাবেক ইউপি সদস্য মো: নুরুল ইসলাম সহ স্থানীয় আওয়ামী লীগ যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বৃষ্টি প্রার্থনায় ইস্তিসকারের নামাজ আদায়

দামুড়হুদা উপজেলা সদরে তীব্র তাপদাহ থেকে রক্ষা পাওয়ার জন্য মহান আল্লাহর কাছে বৃষ্টির প্রার্থনায় ইস্তিসকার নামাজ আদায় করেছেন সকল বয়সের ধর্মপ্রাণ মুসল্লীরা।

আজ শনিবার বেলা ১০ টার সময় উপজেলা সদরের শেখ রাসেল মিনি স্টেডিয়ামে খোলা আকাশের নিচে শত শত মুসল্লিদের নামাজ আদায় শেষে মহান আল্লাহ পাকের নিকট বৃষ্টির জন্য প্রার্থনা করা হয়।

ইস্তিসকার শব্দের অর্থ হচ্ছে পানির জন্য প্রার্থনা কিংবা বৃষ্টির জন্য দোয়া করা। তীব্র দাবদাহে আর অনাবৃষ্টির ফলে জনজীবন চরম বিপর্যয় হয়ে ওঠে, খাল- বিল শুকিয়ে যেতে থাকে, ফসলের মাঠ ক্ষতিগ্রস্থ হয়। জীবজন্তু পশুপাখির কষ্টের সীমা থাকেন না। এমন বিপর্যয় থেকে রক্ষা পাওয়ার জন্য মহান আল্লাহর কাছে আশ্রয় চেতে হয়, অতীতের গুনাহের জন্য আল্লাহর কাছে ক্ষামা প্রর্থনায় দু’রাকাত নফল নামাজ আদায় করে আকুতিভরা মন নিয়ে বৃষ্টির জন্য দরখাস্ত জানানোকে ইসতিসকা নামাজ বলা হয়ে থাকে।

স্থানীয় ও মুসল্লিরা জানিয়েছেন, মহান আল্লাহর কাছে আশ্রয় চেয়ে বৃষ্টির প্রার্থনায় নামাজ আদায়ের নিদিষ্ট সময় বেলা ১০ ঘটিকা থাকলেও অনেকেই বেশ আগে ভাগেই নামাজের নিদিষ্ট স্থান দামুড়হুদা উপজেলা সদরের শেখ রাসেল মিনি স্টেডিয়ামের মাঠে হাজির হতে থাকে। পরে নামাজের নিদিষ্ট সময় হলে মুসল্লিরা কাতারে দাঁড়িয়ে যায় এবং নামাজের ইমাম সাহেব প্রথমে মুসল্লিদের উদ্দেশ্যে নামাজের নিয়মকানুন বলেন।পরে দুরাকাত নফল নামাজ আদায় করেন। ইসতিসকার নামাজ শেষে উপস্থিতি মুসুুল্লিরা আল্লাহর কাছে আশ্রয় চেয়ে দুই হাত তুলে তীব্র দাবদাহের তাপপ্রবাহ, খরা থেকে রক্ষা করতে বৃষ্টির পানি চেয়ে আল্লাহর কাছে মোনাজাত করেন তাঁরা।

দামুড়হুদা উপজেলার কুড়ালগাছি দাখিল মাদ্রাসার ধর্মীয় শিক্ষক মাওলানা মো: শফিকুল ইসলাম শফি জানান, দীর্ঘদিন অনাবৃষ্টির কারণে মানবজীবন, পশুপাখি, গাছপালা সকলেই কষ্টের মধ্যে রয়েছেন।ফসলের মাঠ পানি শূন্যতায় রয়েছে। সেলো মেশিনের সাহায্যে পানি দিয়েও তেমন কাজ হচ্ছে না। এক্ষেত্রে বৃষ্টির পানির প্রয়োজন দেখা দিয়েছে। দীর্ঘদিন কোন বৃষ্টি বাদল না থাকায় তীব্র দাবদাহের সৃষ্টি হচ্ছে।

নামাজ আদায় করতে আসা উপজেলার স্থানীয় কৃষক ও দিনমজুরদের সাথে কথা বললে তাঁরা জানান, দীর্ঘদিন বৃষ্টির দেখা না থাকায় তাপমাত্রা বেড়ে গেছে। বিভিন্ন স্থানে কলের পানি উঠছেনা। পানির স্তর নিচে নেমে গেছে। ফসলের মঠের বিভিন্ন ক্ষেত নষ্ট হয়ে যাচ্ছে। বৃষ্টির অতি প্রয়োজন দেখা দিয়েছে। দিনমজুরের কাজ করতে জীবন শেষ হয়ে যাবার উপক্রম দেখা দিয়েছে। তবুও বসে থাকার উপায় নেই। সংসার

চালাতে তীব্র দাবদাহে উপেক্ষা করে কাজ করতে হচ্ছে। তাই বৃষ্টির পানির জন্য নামাজের মাধ্যমে মহান আল্লাহর কাছে সবাই দোয়া করেছেন।আল্লাহর হুকুম হলে বৃষ্টির দেখা মিলবে ইনশাআল্লাহ।

নামাজে ঈমামতি করেন দামুড়হুদা উপজেলা মসজিদের ইমাম ও দারুসসালাম মাদ্রাসার মুহাতামিম মো: রুহুল আমিন। তিনি বলেন, পবিত্র কোরআন হাসিদের আলোকে যতটুকু পাওয়া গেছে, তা হলো মানুষের সৃষ্ট পাপের ফলেই মহান আল্লাহর হুকুমে এমন অনাবৃষ্টি আর তীব্র খরা দেখা দেয়।তিনি আরও বলেন, এমন অনাবৃষ্টি আর খরা দেখা দিলে আমাদের প্রিয় নবী হযরত মুহাম্মদ সল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম সাহাবিদের সঙ্গে নিয়ে খোলা মাঠে ইসতিসকারের নামাজ আদায় করতেন। সে আলোকে মহান সৃষ্টিকর্তার শুকরিয়া ও রহমতের জন্য তওবা করে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা চেয়ে দুই রাকাত ইসতিসকার নামাজ আদায় করতে শতশত মানুষের আগমনে বৃষ্টির জন্য প্রার্থনা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আসা কৃষক, স্কুল কলেজের শিক্ষার্থী, মাদ্রাসার শিক্ষার্থী ও শিক্ষক, তরুন, যুবক, কিশোর বৃদ্ধ বয়োজ্যেষ্ঠ, স্থানীয় ব্যাবসায়ী সহ সকল বয়সী ধর্মপ্রাণ মুসল্লিগণ উপস্থিত ছিলেন।

কার্পাসডাঙ্গায় একতা পরিবারের পক্ষ থেকে তৃষ্ণার্তদের মাঝে শরবত বিতরণ

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদহের কারনে পথচারীদের সাময়িক স্বস্তি দিতে একতা পরিবারের পক্ষ থেকে ৩য় দিনের মতো ফ্রী লেবুর শরবত বিতরণ করেছেন।

আজ শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কাউন্সিল মোড়ে এই শরবত বিতরণ করা হয়। একতা পরিবারের পক্ষ থেকে লেবুর শরবত বিতরণের শুভ উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই হারুন অর রসিদ।

এসময় তিনি বলেন, প্রচুর তাপদহের কারনে মানুষের জনজীবন অতিষ্ঠ হয়ে উঠেছে। কঠিন তাপদহের মধ্যেও জীবন জীবিকার তাগিদে মানুষ বাইরে বের হচ্ছে। এমন সময় সাধারণ মানুষের জন্য এমন মহতী উদ্যোগ গ্রহনের জন্য একতা পরিবারকে আমি ব্যক্তিগত ভাবে ও বাংলাদেশ পুলিশের দামুড়হুদা মডেল থানার অন্তর্গত কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানায়। সেই সাথে এমন ভালো কাজ চলমান রাখবেন এমন প্রত্যাশা করি একতা পরিবারের কাছে। আমি সব সময় একতা পরিবারের সাথে আছি।

জানাগেছে বিগত টানা ৩ সপ্তাহ ধরে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদাহ চলছে। এরই মধ্যে বেশ কয়েকবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায়। এতো গরমে জীবন জিবিকার তাগিদে মানুষ ঘর থেকে বের হলেও তাপদহের কারনে মানুষ স্বস্তি পাচ্ছেনা। ঠিক এসময় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার একতা পরিবার মানুষের সাময়িক স্বস্তি দিতে ফ্রী লেবুর শরবত বিতরণের উদ্যোগ নেন। এরই আলোকে ৩য় দিনের মতো গতকাল শনিবার পাখি ভ্যান চালক, ইজিবাইক চালক, বাইসাইকেল চালক, ট্রাক চালক সহ সাধারণ পথচারী ও যাত্রীদের মাঝে প্রায় ১ হাজার লিটার লেবুর শরবত ফ্রী বিতরণ করা হয়।

এবিষয়ে পাখি ভ্যান চালক আসলাম উদ্দিন বলেন, এই প্রচন্ড রোদ গরমে সব সময় গলা শুকিয়েই থাকছে। মন চাচ্ছেনা ঘর থেকে বের হতে। কিন্তু কাজ না করলে খাবো কি? তাই কষ্ট হলেও জীবিকার তাগিদে রাস্তায় বের হতে হচ্ছে। শুকনো গলায় ঠান্ডা লেবুর শরবত খেয়ে প্রাণটা জুড়িয়ে গেলো। এমন রোদে ফ্রী’তে লেবুর শরবত দেওয়ায় একতা পরিবারকে ধন্যবাদ জানায়।

এসময় উপস্থিত ছিলেন, একতা পরিবারের সদস্য, ডেনটিস্ট সোহানুর রহমান সোহান, শোভন, দৈনিক সময়ের সমীকরন পত্রিকা’র দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকা’র দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, মেহেরপুর প্রতিদিন পত্রিকা’র দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দৈনিক সকালের সময় পত্রিকা’র স্টাফ রিপোর্টার জাহাঙ্গীর আলম মানিক, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার নাটুদাহ প্রতিনিধি রবিউল ইসলাম বাবু, হাউলী প্রতিনিধি আনারুল ইসলাম, দৈনিক সময়ের সমীকরন পত্রিকা’র জয়রামপুর প্রতিনিধি হেলাল উদ্দিন, বেনাপুল টিভি’র দামুড়হুদা প্রতিনিধি মোঃ ইকরামুল হক প্রমূখ। শরবত তৈরী কাজে সার্বিক সহযোগিতা করেন সিরাজুল ইসলাম বুদো।